অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেট পার্ক, ট্রেইল, ঐতিহাসিক স্থান ও সরকারি ভূমি সম্পর্কিত অংশীদার সংস্থাগুলোর জন্য গভর্নর হোকলের 1.8 মিলিয়ন ডলারের অনুদান ঘোষণা

এই কর্মসূচির ইতিহাসে নিউ ইয়র্ক জুড়ে 28টি প্রকল্পে সহায়তা করার জন্য বরাদ্দকৃত বেসরকারি ও সরকারি তহবিলের এটি সর্বোচ্চ পরিমাণ

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট পার্ক, ট্রেইল, ঐতিহাসিক স্থান ও সরকারি ভূমির দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার সাথে জড়িত 28টি অলাভজনক সংস্থাকে সহায়তা করার জন্য 1.8 মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দ করার ঘোষণা দিয়েছেন, যা পার্ক ও ট্রেইল সম্পর্কিত অংশীদারিত্বের জন্য অনুদান (Park and Trail Partnership Grants) কর্মসূচির ইতিহাসে বরাদ্দকৃত সর্বোচ্চ পরিমাণ অনুদান। এসব অনুদান মূলধনী প্রকল্পের জন্য বেসরকারি তহবিল সংগ্রহ করা, রক্ষণাবেক্ষণ ও সৌন্দর্যবর্ধনের প্রকল্পগুলোতে সম্পৃক্ত হওয়া, শিক্ষামূলক কর্মসূচি সরবরাহ করা, এবং জনসাধারণের পার্ক ব্যবহার করার প্রসার ঘটায় এমন বিশেষ ইভেন্ট আয়োজন করার জন্য অংশীদার গ্রুপের প্রচেষ্টায় সহায়তা করে।

"আমাদের স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান, ট্রেইল ও সরকারি ভূমিগুলোর দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনা এবং কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাওয়া তৃণমূল পর্যায়ের অসাধারণ অংশীদার সংস্থাগুলোর কাজে সহায়তা করতে পেরে আমরা গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "পার্ক ও ট্রেইল সম্পর্কিত অংশীদারিত্বের জন্য অনুদান কর্মসূচির ইতিহাসে সর্ববৃহৎ বিনিয়োগের মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেট এই বার্তা প্রেরণ করছে যে দেশের নেতৃস্থানীয় জলবায়ু সহনশীলতা উদ্যোগসমূহ এগিয়ে নেওয়া অব্যাহত রাখার এই সময়ে আমরা আমাদের সরকারি ভূমিগুলোকে সুরক্ষিত রাখা এবং সেগুলোতে অর্থায়ন করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছি।"

স্টেটের পরিবেশ সুরক্ষা ফান্ড (Environmental Protection Fund) পার্ক ও ট্রেইল অংশীদারিত্ব অনুদান (Park and Trail Partnership Grants) কর্মসূচির জন্য অর্থায়ন করছে। অলাভজনক অ্যাডভোকেসি গ্রুপ পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্কের সাথে অংশীদারিত্বে অনুদান পরিচালিত হয়। অষ্টম রাউন্ডের এই অনুদানের সঙ্গে 625,000 ডলারেরও বেশি বেসরকারি অনুদান ম্যাচ করা হবে। অনুদান গ্রহীতাদের অবশ্যই প্রাপ্ত অনুদানের পরিমাণের কমপক্ষে 10 শতাংশ তহবিল বাইরে থেকে সংগ্রহ করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "স্টেট পার্কের জন্য এটি অত্যন্ত সৌভাগ্যের ব্যাপার যে এটি গভর্নর হোকল, পার্ক এন্ড ট্রেইলস নিউ ইয়র্ক, এবং অগণিত ফ্রেন্ডস গ্রুপ ও স্বেচ্ছাসেবকের মতো অসাধারণ অংশীদারদের পেয়েছে যারা জনসাধারণের জন্য আমাদের প্রদান করা বিষয়গুলোর সফলতা নিশ্চিত করতে সাহায্য করছে। 1.8 মিলিয়ন ডলারের এই ঐতিহাসিক বিনিয়োগ কিভাবে আরো বেশি নিউ ইয়র্কবাসীকে আমাদের অনন্য প্রাকৃতিক ও ঐতিহাসিক সম্পদগুলো অ্যাক্সেস করতে এবং সেগুলোর সাথে সংযুক্ত হতে সাহায্য করবে তা দেখার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের ভূমিগুলোর প্রাকৃতিক সৌন্দর্য ও বৈশিষ্ট্য প্রতি বছর কয়েক মিলিয়ন দর্শনার্থীকে আকৃষ্ট করে থাকে এবং এসব এলাকার পাশাপাশি পরিবেশগত শিক্ষা কেন্দ্রের মতো ফ্যাসিলিটিগুলোর রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করার চলমান চাহিদা পূরণ করার জন্য আমাদের দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার অংশীদারদের সহায়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের এই উল্লেখযোগ্য অনুদান তহবিল DEC-এ এসব অংশীদার এবং অন্য সরকারি সংস্থানসমূহ যেসব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তার স্বীকৃতি দিচ্ছে এবং বর্তমানে ও ভবিষ্যতে উপভোগের জন্য দর্শনার্থীদের জন্য আউটডোরকে অ্যাক্সেসযোগ্য করে তুলতে অপরিহার্য পরিষেবাসমূহ সরবরাহ করতে সাহায্য করার উদ্দেশ্যে গভর্নর হোকলের অব্যাহত বিনিয়োগের জন্য আমরা কৃতজ্ঞ।"

পার্কস এন্ড ট্রেইলস-এর নিউ ইয়র্ক এক্সিকিউটিভ ডিরেক্টর পল স্টিলি হোয়াইট বলেন, "এসব অনুদান নিউ ইয়র্কের পার্ক, ট্রেইল, ঐতিহাসিক স্থান, ও সরকারি ভূমিগুলোর উন্নয়নের জন্য তৃণমূল পর্যায়ের আন্দোলন বৃদ্ধি করার ক্ষেত্রে সমৃদ্ধ জৈব সারের মতো ভূমিকা পালন করবে। অ্যাক্সেসযোগ্য কায়াক লঞ্চ, সেতু মেরামত, কৌশলগত পরিকল্পনা এবং তরুণদের শিক্ষাদান নতুন অর্থায়নকৃত কয়েকটি প্রকল্পের উদাহরণ মাত্র যেগুলো আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর জন্য আরো বেশি প্রকৃতি ও আরো বেশি আনন্দ নিয়ে আসবে।"

স্টেট সিনেটর হোসে এম. সেরানো বলেন, "আমাদের স্টেট পার্কগুলো স্টেট জুড়ে কমিউনিটিগুলোর জন্য অতি প্রয়োজনীয় একটি সংস্থান। পার্কগুলোর ব্যবহার অব্যাহত রাখার জন্য রক্ষণাবেক্ষণ, সৌন্দর্যবর্ধন, ও সংরক্ষণের অতি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনকারী তৃণমূল পর্যায়ের সংস্থা এবং ফ্রেন্ডস গ্রুপগুলোর অবিচল সহায়তা এবং দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনা ব্যতীত এই সংস্থান বিদ্যমান থাকা সম্ভব হতো না। এবছরের তহবিল প্রদানের ঘোষণা 28টি অলাভজনক সংস্থাকে নজিরবিহীন 1.8 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করবে। পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation), পার্কস এন্ড ট্রেইলস NY (Parks and Trails NY), এবং গভর্নর হোকলকে এই বিষয়টি নিয়ে তাদের কাজের জন্য অসংখ্য ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল ও'ডনেল বলেন, "পার্ক ও সরকারি ভূমিগুলো সব নিউ ইয়র্কবাসীর জীবনের মান বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্টেট পার্কগুলোর তত্ত্বাবধানকারী অ্যাসেম্বলি কমিটির সভাপতি হিসেবে, আমাদের পার্কগুলো সমৃদ্ধশীল এবং সবার জন্য অ্যাক্সেসযোগ্য অবস্থায় থাকা নিশ্চিত করার জন্য আমি গভীরভাবে অঙ্গীকারাবদ্ধ

রয়েছি। এই ঐতিহাসিক বিনিয়োগের ব্যাপারে আমি রোমাঞ্চিত, যেটি তৃণমূল পর্যায়ের অসাধারণ ও প্রভাবপূর্ণ সংস্থাগুলোকে বর্তমান ব্যবহারকারীদের জন্য এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য উন্মুক্ত স্থানগুলো অধিকতর সম্প্রসারণ করা, সুরক্ষিত রাখা, এবং উন্নত করে তোলার সুযোগ প্রদান করবে।"

2023 সালের অনুদানপ্রাপ্তদের মধ্যে রয়েছে:

ক্যাপিটাল রিজিয়ন

- ফ্রেন্ডস অব জনসন হল (Friends of Johnson Hall) (27,585 ডলার) একটি অ্যাপ ডেভেলপ করবে যেটি ঐতিহাসিক বাড়িগুলোর মধ্য দিয়ে প্রচলিত সশরীরে ট্যুর করাকে সমৃদ্ধ করবে, যা বিভিন্ন সক্ষমতা ও সংস্কৃতির দর্শনার্থীদেরকে বিদ্যমান ব্যাখ্যার সঙ্গে সম্পৃক্ত হওয়ার সুযোগ করে দিবে।
- ফ্রেন্ডস অব ইউ. এস. গ্র্যান্ট কটেজ (Friends of U.S. Grant Cottage) (36,000 ডলার) একটি ট্রেইলের নকশা প্রণয়ন ও প্রকৌশলের কাজ সম্পন্ন করবে যা শারীরিক সীমাবদ্ধতা রয়েছে এমন দর্শনার্থীদের জন্য ইস্টার্ন ওভারলুক পর্যন্ত পথচারী চলাচলের একটি অ্যাক্সেসযোগ্য রুট প্রদান করবে।
- লেক জর্জ ব্যাটলফিল্ড পার্ক (ফোর্ট জর্জ) অ্যালায়েন্স (Lake George Battlefield Park (Fort George) Alliance) (50,000 ডলার) বিপণন, তহবিল সংগ্রহ, এবং নতুন ভিজিটর সেন্টারের কার্যপরিচালনা করার মাধ্যমে পার্কটি সম্পর্কে সচেতনতার প্রসার ঘটানোর জন্য একজন মেম্বার সার্ভিস ম্যানেজার নিয়োগ দিবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- চিটেনাংগো ল্যান্ডিং ক্যানেল বোট মিউজিয়াম (Chittenango Landing Canal Boat Museum) (146,250 ডলার) নতুনভাবে ADA-কমপ্লায়েন্ট কর্মসূচি আয়োজনের এলাকা বছরব্যাপী ব্যবহারের সুযোগ দেওয়ার জন্য 1990 সালের এরি ক্যানেল যুগ পুনরায় তুলে ধরার স্টোরটির বাহ্যিক ও অভ্যন্তরীণ মেরামত কাজ সম্পন্ন করবে।
- ফ্রেন্ডস অব ফিলমোর-গ্লেন স্টেট পার্ক (Friends of Fillmore Glen State Park) (4,000 ডলার) পার্কের অভ্যন্তরীণ লোকেশনগুলোতে সরাক্রি অ্যাক্সেস প্রদান করা ব্যাপকভাবে ব্যবহৃত, সাইটের অরিজিনাল পাথরের সিঁড়ি প্রতিস্থাপনের বিষয়টি মূল্যায়ন করা এবং নকশা প্রণয়ন করার জন্য একটি কনসাল্টিং ফার্মকে নিযুক্ত করবে।

ফিঙ্গার লেকস

- ফ্রেন্ড অব হ্যামলিন বিচ স্টেট পার্ক (Friends of Hamlin Beach State Park) (29,118 ডলার) মোবি ম্যাট স্থাপন করা এবং ভাসমান বিচ চেয়ার প্রদান করার মাধ্যমে এরিয়া 3 এর সৈকতে অন্তর্ভুক্তিমূলক চিত্তবিনোদনের অ্যাক্সেস বৃদ্ধি করবে।
- ফ্রেন্ডস অব লেচওর্থ স্টেট পার্ক (Friends of Letchworth State Park) (8,000 ডলার) শারীরিক সীমাবদ্ধতার সম্মুখীন হওয়া পার্কের দর্শনার্থীদের জন্য উন্নত সেবা প্রদান করতে পার্কের তিনটি পিকনিক শেল্টার এবং একটি কমফোর্ট স্টেশনের অ্যাক্সেস উন্নত করার পরিকল্পনা গ্রহণ করবে।

লং আইল্যান্ড

- প্ল্যান্টিং ফিল্ডস ফাউন্ডেশন (Planting Fields Foundation) (108,129 ডলার) ADA-অ্যাক্সেসযোগ্য পথগুলো সংস্কার করবে এবং স্থাপন করবে, যা অ্যাক্সেসযোগ্যতা, পথচারীদের নিরাপত্তা বৃদ্ধি করবে, এবং অতিথিদেরকে পার্কের মধ্যকার উল্লেখযোগ্য সাইটগুলোর দিকে নিয়ে যাবে।
- কমসেট ফাউন্ডেশন, ইনক. (Caumsett Foundation, Inc.) (55,500 ডলার) একটি উপযুক্ততা সংক্রান্ত অধ্যয়ন পরিচালনা করবে, যেখানে নিরাপত্তা সংক্রান্ত সমস্যা রয়েছে এমন দুইটি পথ সংস্কার করা হবে, স্থানীয় বাস্তুসংস্থানগত কমিউনিটিগুলো উন্নত করা হবে, এবং একটি শিক্ষামূলক ভিউইং সাইট প্রতিষ্ঠা করা হবে।
- ফ্রেন্ডস অব জোনস বিচ (Friends of Jones Beach) (10,025 ডলার) নতুনভাবে পুনঃপ্রতিষ্ঠিত এই স্টেট পার্ক ফ্রেন্ডস গ্রুপের জন্য সংস্থাগত সক্ষমতা গড়ে তোলার উদ্যোগসমূহ প্রতিষ্ঠা করবে।
- আটলান্টিক মেরিন কনজার্ভেশন সোসাইটি (Atlantic Marine Conservation Society) (26,145 ডলার) নিউ ইয়র্ক স্টেট পার্কের কর্মী, লাইফগার্ড, ও শিক্ষকদেরকে সৈকতে ভেসে আসা সামুদ্রিক জীবদের সামাল দেওয়ার সঠিক পদ্ধতির ব্যাপারে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি "লঞ্চ এন্ড লার্ন" সিরিজ চালু করবে।

মধ্য-হাডসন

- ক্যালভার্ট ভক্স প্রিজার্ভেশন অ্যালায়েন্স (Calvert Vaux Preservation Alliance) (150,000 ডলার) মিলস-নোরি স্টেট পার্ক এবং হাডসন নদীতে যাওয়ার একটি গেটওয়ে, 1912 ওয়ারেন ট্রাস সেতুর মেরামত, পুনরায় ডেক স্থাপন, এবং সেফটি ব্যারিয়ার স্থাপন করবে।
- ফ্রেন্ডস অব ফিলিপস ম্যানর হল (Friends of Philipse Manor Hall) (48,100 ডলার) সংস্কারকৃত ও আপডেটকৃত ঐতিহাসিক সাইটটি ভিজিট করার প্রসার ঘটানোর উদ্দেশ্যে বিপণন/সদস্যতা ক্যাম্পেইন পরিচালনা করবে এবং টার্গেটকৃত কর্মসূচি প্রণয়ন করবে।
- ফ্রেন্ডস অব রকল্যান্ড লেক এন্ড হুক মাউন্টেন (Friends of Rockland Lake and Hook Mountain) (100,000 ডলার) দুইটি নতুন শিক্ষামূলক কর্মসূচি যোগ করবে যেগুলো এসব পার্কে বর্তমানে যথাযথ প্রতিনিধিত্ব না থাকা গ্রুপগুলোর তরুণ ব্যক্তিদের কাছে প্রচারণা সম্প্রসারণ করবে।
- জে হেরিটেজ সেন্টার (Jay Heritage Center) (150,000 ডলার) ঐতিহাসিক জে গার্ডেনে ADA পথ নির্মাণ করবে যা আরো বেশি সংখ্যক দর্শনার্থী ও অংশীদারদেরকে পুরস্কার-বিজয়ী বাগান এবং সামাজিক ন্যায়বিচারের কর্মসূচিগুলো উপভোগ করার সুযোগ প্রদান করবে।
- মামাকাটিং পরিবেশগত শিক্ষা কেন্দ্র (Mamakating Environmental Education Center)/ফ্রেন্ডস অব MEEC (Friends of MEEC) (51,300 ডলার) বাশাকিল ওয়াইল্ডলাইফ ম্যানেজমেন্ট এরিয়ায় আরো বেশি কর্মসূচি তৈরি করবে যা অন্য গ্রুপগুলোর সঙ্গে মৈত্রী গঠন করতে সাহায্য করবে এবং অধিকতর বিস্তৃত পরিসরে দর্শকদের কাছে প্রচারণা বৃদ্ধি করবে।
- মরগান ডিউক কনজার্ভেশন সোসাইটি (Morgan Duke Conservation Society) (5,789 ডলার) হাডসন রিভার স্পেশাল ম্যানেজমেন্ট এরিয়ায় অব্যাহতভাবে কমিউনিটি ক্লিন-

আপ ইভেন্ট আয়োজন করবে এবং নাগরিকদের ও কলেজ শিক্ষার্থীদেরকে দীর্ঘমেয়াদী স্বেচ্ছাসেবক হওয়ার জন্য উৎসাহিত করবে।

- প্যালিসাডেস পার্কস কনজার্ভেন্সি (Palisades Parks Conservancy) (150,000 ডলার) একজন প্রোগ্রাম ম্যানেজার নিযুক্ত করবে যিনি অধিকতর কমিউনিটি সংযোগ ও সক্রিয়তা গড়ে তুলবেন, বিপণন ও ব্র্যান্ডিং উন্নত করবেন, এবং প্যালিসাডেস অঞ্চলের স্টেট পার্কগুলোতে DEIA উদ্যোগগুলো বাস্তবায়ন করবেন।
- স্টোনি কিল ফাউন্ডেশন ইনক. (Stony Kill Foundation Inc.) (150,000 ডলার) বার্নইয়ার্ড এবং কৃষি সংক্রান্ত শিক্ষার এলাকার অপরিহার্য সংস্কার সম্পন্ন করবে যেটি স্টোনি কিল ফার্মে সরকারি কর্মসূচি আয়োজনের এবং তরুণদের শিক্ষার একটি কেন্দ্র হিসেবে কাজ করে থাকে।

নিউ ইয়র্ক সিটি

- ফ্রেন্ডস অব গ্যান্ট্রি প্লাজা স্টেট পার্ক (Friends of Gantry Plaza State Park) (25,011 ডলার) পার্কে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়া দর্শনার্থীদের জন্য বাড়তি বসার জায়গা এবং ছায়াযুক্ত স্বাচ্ছন্দ্যপূর্ণ স্থান প্রদান করতে টেবিল ও ছাতার ব্যবস্থা করবে।

নর্থ কান্ট্রি

- ফ্রেন্ডস অব হিগলি ফ্লো স্টেট পার্ক (Friends of Higley Flow State Park) (45,966 ডলার) একটি ADA অ্যাক্সেসযোগ্য কায়াক লঞ্চ ক্রয় করবে এবং স্বেচ্ছাসেবক ও পার্ক কর্মীদের সহযোগিতায় গ্যাংওয়ে স্থাপন করবে।
- জন ব্রাউন ফার্ম স্টেট হিস্টোরিক সাইটের (John Brown Farm State Historic Site) (150,000 ডলার) এটির প্রথম এক্সিকিউটিভ ডিরেক্টর পদ তৈরি করবে যা সংস্থাটিকে এবং স্টেটের ঐতিহাসিক স্থান জন ব্রাউন ফার্মের পক্ষ থেকে এটির অব্যাহত প্রভাবকে পেশাদার ও স্থিতিশীল করে তুলতে সাহায্য করবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- আর্টপার্ক এন্ড কোম্পানি, ইনক. (Artpark & Company, Inc.) (100,000 ডলার) শিক্ষা, ব্যাখ্যা প্রদান, ও অ্যাক্সেসযোগ্যতা বিষয়ক একজন ডিরেক্টর নিযুক্ত করবে, যিনি বছরব্যাপী শিক্ষামূলক কর্মসূচি ও প্রচারমূলক ক্রিয়াকলাপ আয়োজন করবেন, নতুন কর্মসূচি প্রতিষ্ঠা করবেন, এবং পরিবেশগত শিক্ষা ও প্রচারণার ব্যাপারে NYS পার্কস-এর সঙ্গে অংশীদার হয়ে কাজ করবেন।
- চৌতাউকা কাউন্টি ইকুয়েস্ট্রিয়ান ট্রেইল সিস্টেম (Chautauqua County Equestrian Trail System) (68,000 ডলার) ট্রেইল ব্যবহারকারীদের বৈচিত্র্য সম্প্রসারণ করা এবং অংশীদারিত্ব সম্প্রসারণ ও শক্তিশালী করার জন্য বিপণন, তহবিল সংগ্রহ, ও স্বেচ্ছাসেবকদের সহায়তার প্রতি জোর দিয়ে একটি বহুবর্ষ মেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে।
- ফ্রেন্ডস অব নক্স ফার্ম স্টেট পার্ক (Friends of Knox Farm State Park) (75,000 ডলার) দ্য ফ্রেন্ডস-এর ব্যবস্থাপনাধীন একটি অনন্য ওয়েডিং ও ইভেন্ট ভেন্যু, ম্যানশন সামার এস্টেটের সংস্কার করবে।

- ফ্রেন্ডস অব রেইনস্টেইন ন্যাচার প্রিজার্ভ (Friends of Reinstein Nature Preserve) (10,581 ডলার) স্থানীয় বনভূমি সুরক্ষিত রাখবে ও প্রতিষ্ঠা করবে এবং একটি বেড়া নির্মাণ করবে এবং সেইসাথে জনসাধারণের অ্যাক্সেস এবং বনভূমির বাস্তুসংস্থানের সাথে সম্পর্কিত শিক্ষা উন্নত করবে।
- প্রভাব: ফ্রেন্ডস ইমপ্রুভিং অ্যালিগানি কাউন্টি ট্রেইলস (Friends Improving Allegany County Trails) (7,396 ডলার) আলফ্রেড স্টেট কলেজ এবং DEC-এর অংশীদারিত্বের মাধ্যমে 30 ফুট দীর্ঘ একটি সেতু প্রতিস্থাপন করবে এবং নিকটবর্তী ট্রেইলগুলোতে ডাটা সংগ্রহের জন্য দুইটি ট্রেইল কাউন্টার স্থাপন করবে।
- ওল্ড ফোর্ট নায়াগ্রা অ্যাসোসিয়েশন (Old Fort Niagara Association) (12,103 ডলার) ওল্ড ফোর্ট নায়াগ্রা স্টেট পার্কে নায়াগ্রা গ্রিনওয়ে বাইক ট্রেইলে সাইকেল আরোহীদের জন্য বিশ্রামের একটি জায়গা তৈরি করবে।

2024 অর্থবছরের বাজেটে, জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজনের প্রচেষ্টায় সহায়তা করা, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সংস্থানগুলোর উন্নয়ন, আমাদের পানির উৎসগুলো সুরক্ষিত রাখা, সংরক্ষণের প্রচেষ্টা এগিয়ে নেওয়া, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা সরবরাহ করার জন্য রেকর্ড সৃষ্টিকারী 400 মিলিয়ন ডলারের পরিবেশ সুরক্ষা তহবিলের অংশ হিসেবে পার্ক ও ট্রেইল অংশীদারিত্ব অনুদান তহবিলের পরবর্তী রাউন্ডের জন্য 2 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে। সেইসাথে, এই বাজেটে মূলধনী উন্নয়ন প্রকল্পগুলোর জন্য স্টেট পার্কসের জন্য 200 মিলিয়ন ডলার বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখযোগ্য মাত্রার এই বিনিয়োগ নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ পার্কগুলোর চলমান রূপান্তরে সাহায্য করবে এবং পার্কের সিস্টেমজুড়ে গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলোকে সহায়তা করবে।

পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্ক নিউ ইয়র্কের পার্ক ও ট্রেইলগুলোর জন্য স্টেটব্যাপী শীর্ষ সমর্থক, যা সরকারি-বেসরকারি অংশীদারিত্ব শক্তিশালী করা এবং সবুজ স্থান ব্যবহার ও উপভোগের মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য, অর্থনীতি, ও জীবনযাপনের মান উন্নত করার জন্য তৃণমূল পর্যায়ের গ্রুপগুলোর সাথে 35 বছর ধরে কাজ করে যাচ্ছে। আরো তথ্যের জন্য, www.ptny.org ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন